

প্রবাসী কর্মীদের স্বাস্থ্যসেবায় দূতাবাসে মেডিকেল সেন্টার স্থাপনের উদ্যোগ নেওয়া হবে
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি

ঢাকা ২৯ সেপ্টেম্বর ২০১৯

আজ সকাল দশটায় রাজধানীর মিরপুরে বিশ্ব হার্ট দিবস উপলক্ষে ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ আয়োজিত এক গণমুখী সেমিনারে প্রধান অতিথির বক্তৃতায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, প্রবাসী কর্মীদের স্বাস্থ্যসেবায় দূতাবাসে মেডিকেল সেন্টার স্থাপনের উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, সরকারের নানামুখী উদ্যোগের ফলে স্বাস্থ্যসেবা এখন জনগণের দোরগোড়ায় পৌঁছে গেছে। তিনি আরো বলেন, রোগ প্রতিরোধে সরকারের পাশাপাশি জনগণকে এগিয়ে আসতে হবে।

ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশ এর সভাপতি ব্রিগেডিয়ার (অবঃ) আব্দুল মালিকের সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশে বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধি ড. বর্দন জুং রানা। এতে আরো বক্তব্য রাখেন ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন অব বাংলাদেশের সহ-সভাপতি ডাঃ মোঃ সিরাজুল ইসলাম, মহাসচিব অধ্যাপক খন্দকার আব্দুল আউয়াল রিজভী, অধ্যাপক সোহেল রেজা চৌধুরী প্রমুখ।

